গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-৪০০/২২

তারিখ : ১২-০৫-২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরের বৃত্তির তথ্য MIS-এ এন্ট্রিকরণ/ভুল সংশোধনের সময় বর্ধিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। বৈশ্বিক অতিমারির কারণে কিছু শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য MIS-এ যথাসময়ে এন্ট্রি না করায়/এন্ট্রিকৃত তথ্যের মধ্যে বিভিন্ন ভুল (শিক্ষার্থীর নাম, পিতার নাম, পরীক্ষার নাম ও সাল, বৃত্তির ধরণ, ব্যাংক ও শাখার নাম, হিসাব ও রাউটিং নম্বর ইত্যাদি) থাকায় ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরের সকল শিক্ষার্থীর বৃত্তির টাকা তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করা সম্ভব হয়নি।

এমতাবস্থায়, ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরের বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত যে সকল শিক্ষার্থীর তথ্য MIS Software-এ এন্ট্রি প্রদান করা হয়নি কিংবা ভুল তথ্য এন্ট্রির কারণে ব্যাংক হিসাবে টাকা প্রেরণ করা সম্ভব হয়নি তাদের তথ্য আগামী ১৯/০৫/২০২২ তারিখের মধ্যে MIS-এ এন্ট্রি/ভুল সংশোধনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। BACS and iBAS++ স্কিম, এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক তৎপরবর্তীতে সময় বর্ধিতকরণের কোন সুযোগ নেই।

MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :

০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
০২। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের কম শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
০৩। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ তথ্য সংশোধনের ক্ষেত্রে শিক্ষার্থীদের নামের স্থলে উভয়ের নাম এন্ট্রি করতে হবে;
০৪। শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
০৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৬। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৭। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/রেজিষ্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে;
০৮। বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
০৯। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
১০। ব্যাংক হিসাবটি বর্তমানে অবশ্যই সচল (Active) থাকতে হবে;
১১। বিকাশ, শিওর ক্যাশ, নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা;
১২। শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য দুই জন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়);
১৩। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
১৪। তথ্য এন্ট্রি দেয়ার শেষ তারিখ : ১৯/০৫/২০২২ খ্রি. পর্যন্ত।

তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ :

- DSHE Scholarship MIS এর URL (লিংক) : scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login

১২/৫/২০২২
(মো: নুরুল ইসলাম চৌধুরী)
উপ-পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এস্যুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বরঃ বৃত্তি/সিলেবাস/৫৪৪ ৭৮১

তারিখঃ ২৯/৫/2022

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণীতে মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরের বৃত্তির তথ্য MIS-এ এন্ট্রিকরণ/ভুল সংশোধনের সময় বর্ধিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তিটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং প্রধান শিক্ষকদের অবগতি ও কার্যার্থে অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রচার করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে-
২৯/০৫/2022
এস. এম. গোলাম আজম
প্রধান মূল্যায়ন অফিসার (চলতি দায়িত্ব)
azamraj8486@gmail.com

২৯/০৫/২২

**ই-মেইল হতে প্রাপ্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-৪০০/২২ — তারিখ: ১২-০৫-২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরের বৃত্তির তথ্য MIS-এ এন্ট্রিকরণ/ভুল সংশোধনের সময় বর্ধিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে iBAS++ এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। বৈশ্বিক অতিমারির কারণে কিছু শিক্ষা প্রতিষ্ঠান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর তথ্য MIS-এ যথাসময়ে এন্ট্রি না করায়/এন্ট্রিকৃত তথ্যের মধ্যে বিভিন্ন ভুল (শিক্ষার্থীর নাম, পিতার নাম, পরীক্ষার নাম ও সাল, বৃত্তির ধরণ, ব্যাংক ও শাখার নাম, হিসাব ও রাউটিং নম্বর ইত্যাদি) থাকায় ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরের সকল শিক্ষার্থীর বৃত্তির টাকা তাদের ব্যাংক হিসাবে প্রেরণ করা সম্ভব হয়নি।

এমতাবস্থায়, ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরের বিভিন্ন শ্রেণিতে বৃত্তিপ্রাপ্ত যে সকল শিক্ষার্থীর তথ্য MIS Software-এ এন্ট্রি প্রদান করা সম্ভব হয়নি বা ভুল তথ্য এন্ট্রির কারণে ব্যাংক হিসাবে টাকা প্রেরণ করা সম্ভব হয়নি তাদের তথ্য আগামী ১৯/০৫/২০২২ তারিখের মধ্যে MIS-এ এন্ট্রি/ভুল সংশোধনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। BACS and iBAS++ স্কিম, এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক তৎপরবর্তীতে সময় বর্ধিতকরণের কোন সুযোগ নেই।

MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয়:

০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
০২। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত যে কোন ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে / ১৮ বছরের কম শিক্ষার্থীদের পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খুলতে হবে;
০৩। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ তথ্য সংশোধনের ক্ষেত্রে শিক্ষার্থীদের নামের স্থলে উভয়ের নাম এন্ট্রি করতে হবে;
০৪। শিক্ষার্থীর নামীয় ব্যাংক হিসাব নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
০৫। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
০৬। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
০৭। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীর পরীক্ষার নাম ও সন, পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর এবং প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে;
০৮। বৃত্তির ক্যাটাগরি (মেধা/সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে;
০৯। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;
১০। ব্যাংক হিসাবটি বর্তমানে অবশ্যই সচল (Active) থাকতে হবে;
১১। বিকাশ, শিউর ক্যাশ, নগদসহ এ ধরণের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা;
১২। শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য দুই জন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়);
১৩। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা দায়ী থাকবেন;
১৪। তথ্য এন্ট্রি দেয়ার শেষ তারিখ: ১৯/০৫/২০২২ খ্রি. পর্যন্ত।

তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ:

- DSHE Scholarship MIS এর URL (লিংক): **scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login**

১২/৫/২০২২
(মো: নুরুল ইসলাম চৌধুরী)
উপ-পরিচালক
এক্সেস এন্ড কোয়ালিটি এস্যুরেন্স ইউনিট
পরিকল্পনা ও উন্নয়ন উইং

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
০৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয় / কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)
০৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৬. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৭. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
০৮. পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল)
(আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
০৯. সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)
১০. রেজিস্ট্রার, সাধারণ / মেডিকেল / প্রকৌশল বিশ্ববিদ্যালয় (সরকারি/বেসরকারি....সকল)
১১. অধ্যক্ষ, মেডিকেল / ইঞ্জিনিয়ারিং কলেজ ( সরকারি/বেসরকারি .....সকল )
১২. অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ
১৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
১৪. উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৫. উপপরিচালক (কলেজ / মাধ্যমিক ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
["মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণিতে মেধাবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরের বৃত্তির তথ্য MIS-এ এন্ট্রিকরণ/ভুল সংশোধনের সময় বর্ধিতকরণ]"-শিরোনামে পত্রটি মাউশির ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ]
১৭. জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)
১৯. সহকারী প্রোগ্রামার, জেলা শিক্ষা অফিস, সকল জেলা
২০. প্রধান শিক্ষক (সকল সরকারি ও বেসরকারি নিম্ন মাধ্যমিক / উচ্চ বিদ্যালয় / সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)
২১. পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
২২. সংরক্ষণ নথি